

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ৩, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ জ্যৈষ্ঠ ১৪২৫/৩০ মে ২০১৮

নম্বর-০৪.০০.০০০০.৫২১.০৮.০৬৪.১৫.৩০৫—দুর্নীতি দমন কমিশনের একজন কমিশনারের পদ শীঘ্রই শূন্য হবে বিধায় তদস্থলে একজন কমিশনার নিয়োগের জন্য সুপারিশ প্রদানের নিমিত্ত দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ৭ ধারা অনুযায়ী নিম্নলিখিত সদস্যবৃন্দের সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠন করা হলো :

(ক)	বিচারপতি জনাব হাসান ফয়েজ সিদ্দিকী মাননীয় বিচারক, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা	সভাপতি
(খ)	বিচারপতি জনাব মোঃ নুরুজ্জামান মাননীয় বিচারক, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা	সদস্য
(গ)	বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক	সদস্য
(ঘ)	ড. মোহাম্মদ সাদিক চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন	সদস্য
(ঙ)	জনাব এম আবদুল আজিজ এনডিসি (সর্বশেষ অবসরপ্রাপ্ত মন্ত্রিপরিষদ সচিবের অব্যবহিত পূর্বের অবসরপ্রাপ্ত মন্ত্রিপরিষদ সচিব)	সদস্য

(৬৩৫৩)

মূল্য : টাকা ৪.০০

## ২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ :

বাছাই কমিটি, কমিশনার নিয়োগে সুপারিশ প্রদানের উদ্দেশ্যে, উপস্থিত সদস্যদের অনূন্য তিনজনের সিদ্ধান্তের ভিত্তিতে কমিশনারের একটি শূন্য পদের বিপরীতে দুইজন ব্যক্তির নামের তালিকা প্রণয়ন করে উক্ত আইনের ধারা ৬-এর অধীনে নিয়োগ প্রদানের জন্য মহামান্য রাষ্ট্রপতির নিকট প্রেরণ করবে।

৩। অনূন্য চারজন সদস্যের উপস্থিতিতে বাছাই কমিটির কোরাম গঠিত হবে।

৪। মন্ত্রিপরিষদ বিভাগ উক্ত বাছাই কমিটির কার্য-সম্পাদনের প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবে।

৫। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব